নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।
ডায়েরী নং- ৩৯৮০
তারিখ ঃ- ২৫।৭।২৬
গ্রহণকারী ঃ-
অ: স: | স: প্র: | উ: বি: প্র: | নি: প্র:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা
সংস্থাপন শাখা-৩
www.pwd.gov.bd

স্মারক নং-২৫.৩৬.০০০০.০০০.২২০.০৭.০০০৬.২৬-৭৯

তারিখঃ ২৮/০৬/১৪৩৩বঙ্গাব্দ
২২/০৭/২০২৬খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ০৯/০৩/২০২৬ তারিখের ২৫.০০.০০০০.১৩০.২৭.০০২.১৯(অংশ)-১৮৬ নম্বর স্মারকে প্রাপ্ত তদন্ত প্রতিবেদন হতে জানা যায় যে, বাংলাদেশ সুপ্রীম কোর্টের জন্য রেকর্ড ভবন নির্মাণ প্রকল্পের মূলধন অংশের 'অনাবাসিক ভবন' খাতের সিভিল কাজ (W-1 প্যাকেজ) DPP বা RDPP বা HOPE এর অনুমোদন ব্যতিরেকেই বিধি-বহির্ভূতভাবে ক্ষমতার অপব্যবহারপূর্বক ১(এক)টি প্যাকেজকে ৮ (আট)টি প্যাকেজে বিভাজন করতঃ ইজিপি-এর মাধ্যমে টেন্ডার আহবান করে অর্থ খরচ করা হয়েছে। বিভাজিত ০৮(আট) টি প্যাকেজের কাজের বিপরীতে ঠিকাদারী প্রতিষ্ঠানের অনুকূলে প্রদত্ত বিলের বিপরীতে বাস্তবে কাজের অস্তিত্ব পাওয়া যায়নি। তথাপি বর্ণিত কাজ (W-1) প্যাকেজে বাস্তবায়নের জন্য চুক্তিকৃত ০৮(আট)টি ঠিকাদারী প্রতিষ্ঠানের নামে ২০২৩-২০২৪ অর্থবছরে অর্থ ব্যয় দেখানো হয়েছে ও কাজ ব্যতিরেকে বিল পরিশোধ করা হয়েছে, যা সরকারী অর্থ আত্মসাৎ, ক্ষমতার অপব্যবহার, দুর্নীতির শামিল মর্মে তদন্ত প্রতিবেদনে বিবেচিত হয়েছে। এ প্রেক্ষিতে অত্র দপ্তরের ০৭/০৪/২০২৬ তারিখের ২৫.৩৬.০০০০.০০০.২২০.০৭. ০০০৬.২৬-১৯৮১/৮ নম্বর স্মারকের মাধ্যমে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর বিধি ১৪৯ (৩) অনুযায়ী সংশ্লিষ্ট ০৮ (আট) জন ঠিকাদারি প্রতিষ্ঠান সমূহকে কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। কিন্তু ঠিকাদারি প্রতিষ্ঠান সমূহের দাখিলকৃত জবাব সন্তোষজনক নয় মর্মে প্রতীয়মান হয়।

এমতাবস্থায়, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর বিধি ১৪৯ এর উপ-বিধি (৮) (খ) এবং উল্লিখিত বিষয়ে গঠিত তদন্ত কমিটির প্রতিবেদনের সুপারিশ মোতাবেক ঠিকাদারি প্রতিষ্ঠান (i) M/S Kamrul Enterprise (ii) Mimpa Enterprise (iii) M/S RS Enterprise (iv) Gram Bangla (v) M/S Gomoti Enterprise (vi) Rasha International (vii) Karnaphuli Construction এবং (viii) M\S Shodesh Development কে পত্র জারির তারিখ হতে পরবর্তী ০২(দুই) বছরের জন্য গণপূর্ত অধিদপ্তরের সকল প্রকার ক্রয় কার্যক্রমে অংশগ্রহণে নির্দেশক্রমে অযোগ্য ঘোষণা করা হলো।

২২/০৭/২০২৬
(মুহাম্মদ সরওয়ার জাহান)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ০২২২-৩৩৮০৯৯৯
se_est@pwd.gov.bd

স্মারক নং-২৫.৩৬.০০০০.০০০.২২০.০৭.০০০৬.২৬-৭৯/২০০

তারিখঃ ২৮/০৬/১৪৩৩বঙ্গাব্দ
২২/০৭/২০২৬খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

১। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (ইহা মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (ইহা সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। উপ-সচিব, প্রশাসন শাখা-৭, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (ইহা তাঁর ০৯/০৩/২০২৬ তারিখের ২৫.০০.০০০০.১৩০.২৭.০০২.১৯(অংশ)-১৮৬ নম্বর স্মারকের প্রেক্ষিতে।)
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, বিপিপিএ, শেরে বাংলা নগর, ঢাকা। (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
৫। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন ঢাকা/ঢাকা গণপূর্ত মেট্রোপলিটন জোন/ঢাকা ই/এম জোন/ ই/এম পিএন্ডডি জোন/ খুলনা/ বরিশাল/ রাজশাহী/রংপুর/সিলেট/চট্টগ্রাম/ময়মনসিংহ/ গোপালগঞ্জ।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ............... গণপূর্ত সার্কেল....................................।
৭। নির্বাহী প্রকৌশলী, ...................গণপূর্ত বিভাগ.....................।
৮। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা। (গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৯। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, বিপিপিএ, শেরে বাংলা নগর, ঢাকা।

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। মেসার্স কামরুল এন্টারপ্রাইজ, মালিক-আব্দুল জলিল, ঠিকানা-৬৯, আনোয়ারবাগ, দক্ষিণখান, ঢাকা।
২। মিমপা এন্টারপ্রাইজ, মালিক-মোহাম্মদ আমিনুল ইসলাম, ঠিকানা-১২০, নয়া পল্টন, ঢাকা।
৩। মেসার্স আর এস এন্টারপ্রাইজ, মালিক-মোঃ দেলুয়ার হোসেন, ঠিকানা-৪৫১/৫ পশ্চিম শেওড়াপাড়া, মিরপুর, ঢাকা।
৪। গ্রাম বাংলা, ঠিকানা-১৯৩, জামাল খান লেন, দক্ষিণ পূর্ব আসকারদিঘিপাড়, কোতয়ালী, চট্টগ্রাম।
৫। মেসার্স গোমতী এন্টারপ্রাইজ, মালিক-টুটুল, ঠিকানা-২৬৬-শান্তিবাগ, ঢাকা।
৬। রাশা ট্রেড ইন্টারন্যাশনাল, মালিক-রাহাত আব্দুল্লাহ, ঠিকানা-আহমেদ কমপ্লেক্স (৩য় তলা) ৮৩, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ফার্মগেইট, তেজগাঁও, ঢাকা।
৭। কর্ণফুলি কনষ্ট্রাকশন, ঠিকানা-১৪৯/এ (৩য় তলা), ফকিরাপুল, ডিআইটি এক্সটেনশন রোড, ঢাকা।,
৮। মেসার্স স্বদেশ ডেভেলপমেন্ট, মালিক-আব্দুল জলিল, ঠিকানা-৬৯, রাজউক কর্মচারী কমার্শিয়াল কমপ্লেক্স, উত্তরা, ঢাকা।

২২/০৭/২৬
(সাকিলা ইসলাম)
নির্বাহী প্রকৌশলী(ওএন্ডএম)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।